

গান

জীবনে জ্বাল অমর দীপ তব অনন্ত আশা,
মরণ অন্তে হৌক তোমারি চরণে শুপ্রভাত
লহ লহ মম সব আনন্দ সকল প্রীতি গীতি
হৃদয়ে বাহিরে একমাত্র তুমি আমার নাথ ॥

রক্ষা কর হে ।

আমার কর্ম্ম হইতে আমায় রক্ষা কর হে ॥
আপন ছায়া আতঙ্কে মোরে করিছে কম্পিত হে,
আপন চিন্তা গ্রাসিছে, আমায় রক্ষা কর হে ।
প্রতিদিন আমি আপনি রচিয়া জড়াই মিথ্যা জালে,
ছলনা-ডোর হইতে মোরে রক্ষা কর হে ॥
অহঙ্কার হৃদয়দ্বার রয়েচে রোধিয়া হে ।
আপনা হ'তে আপনায় মোরে রক্ষা কর হে ॥

আছে দুঃখ আছে মৃত্যু,
বিরহদহন লাগে ;
তবুও শান্তি তবু আনন্দ,
তবু অনন্ত জাগে ॥

তবু প্রাণ নিত্যধারা, হাসে সূর্য চন্দ্ৰ তারা,
বসন্ত নিকুঞ্জে আসে বিচিত্র রাগে ॥

ধর্ম সঙ্গীত

তরঙ্গ মিলায়ে ঘায়, তরঙ্গ উঠে,
কুস্তম ঝরিয়া পড়ে, কুস্তম ফুটে ;
নাহি ক্ষয় নাহি শেষ, নাহি নাহি দৈন্য লেশ,
সেই পূর্ণতার পায়ে মন স্থান মাগে ॥

আমার বিচার তুমি কর, তব আপন করে ।
দিনের কর্ম আনিন্দু তোমার বিচার-ঘরে ॥

যদি পূজা করি মিছা দেবতার,
শিরে ধরি যদি মিথ্যা আচার,
যদি পাপ মনে করি অবিচার কাহারো পরে
আমার বিচার তুমি কর তব আপন করে ॥

লোভে যদি কা'রে দিয়ে থাকি দুখ,
ভয়ে হ'য়ে থাকি ধর্মবিমুখ,
পরের পীড়ায় পেয়ে থাকি শুখ ক্ষণেক তরে,-
তুমি যে জীবন দিয়েচ আমায
কলঙ্ক যদি দিয়ে থাকি তায়,
আপনি বিনাশ করি আপনায় মোহের ভরে,
আমার বিচার তুমি কর তব আপন করে ॥

আমি কি বলে' করিব নিবেদন
আমার হৃদয় প্রাণমন ॥